



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

সূত্র নং-প্রশিকা/এফএসডি/২০২৪-০৮ (বিজ্ঞপ্তি)

১০ জুন, ২০২৪

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

বিষয় : পল্লীকর্ম সহায়ক ফাউন্ডেশনের নির্দেশনা অনুযায়ী শাখা ভিত্তিক করণীয় বিষয় সমূহ :

সংশ্লিষ্ট সকলে অবগত আছেন যে, পিকেএসএফ প্রশিকাকে নতুন করে অর্থায়ন শুরু করেছে। বৃহদাকারে অর্থায়নে তারা প্রশিকার মাঠের কাজ পরিদর্শন ও মূল্যায়ন শুরু করেছে। ইতোমধ্যে তারা চট্টগ্রাম অঞ্চলে প্রথম পর্যায়ে পরিদর্শনের কাজ শেষ করেছে। দেশের অন্যান্য অঞ্চলেও তারা পরিদর্শনে যাবে। তারা যে সকল জিনিস বাচাই এবং ভালভাবে সংরক্ষণ করা হয়েছে কিনা দেখে থাকে তা নিম্নে উল্লেখ করা হলো :

১. সমিতি গঠন ও নতুন সদস্য ভর্তির ক্ষেত্রে অধিকতর গুরুত্ব দিয়ে যাচাই-বাছাই এর মাধ্যমে সদস্য সমিতিতে অন্তর্ভুক্ত করা। সমিতির রেজুলেশন বই নিয়মিত লেখা বিশেষ করে নতুন সদস্য ভর্তি, ঋণ প্রস্তাবনা তৈরী, সঞ্চয় ফেরতসহ যাবতীয় বিষয় রেজুলেশনের অন্তর্ভুক্ত করা।
২. অকার্যকর সমিতি ও সদস্য সুনির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে বাদ দেওয়ার ব্যবস্থা করতে হবে।
৩. পাশবই হালনাগাদ রাখা অর্থাৎ কালেকশন সীটের সাথে মিল রাখতে হবে।
৪. ঋণ প্রস্তাবনা তৈরীর ক্ষেত্রে আরও যত্নবান হওয়া, ঋণ গ্রহণকারী ও জামিনদারের নাম ও ঠিকানা লেখার ক্ষেত্রে স্থায়ী, বর্তমান ও ব্যবসায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। ঋণের চুক্তি পত্র এবং আবেদনপত্রের সকল তথ্য যথাযথভাবে পূরণ করতে হবে।
৫. ঋণের শ্রেণীবিন্যাস করা অর্থাৎ পেমেন্ট মিসিং আদায়যোগ্য ঋণের কিস্তি ঐ মাসে আদায় হয় নাই তাকে ওডি ঋণ হিসেবে গণ্য করা এবং মাসিক রিপোর্টে অন্তর্ভুক্ত করা। পেমেন্ট মিসিং ও বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
৬. সিডিকেট ঋণ এবং রিকোভারী ঋণ প্রদান সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে।
৭. ওটিআর কমপক্ষে ৯৫% রাখা। ৯৮% ওটিআরকে ভাল শাখা হিসেবে গণ্য করা হয়ে থাকে।
৮. কোন ভাবেই হাতে নগদ টাকার পরিমাণ ১০,০০০/=টাকার বেশি রাখা যাবে না। বিকালে বা শনিবারের টাকা আদায় হলে তা পরদিন ১st hour অর্থাৎ সকাল ১০.০০টা থেকে ১১.০০টার মধ্যে ব্যাংকে জমা প্রদান করতে হবে এবং জমাদানের Deposit slip এর কপি সংশ্লিষ্ট কেন্দ্রীয় ব্যবস্থাপক এবং পরিচালকের নিকট প্রেরণ করতে হবে। অর্থের প্রয়োজন হলে পুনরায় ব্যাংক থেকে টাকা উত্তোলন করতে হবে।
৯. বিকালে আদায়কৃত টাকা সাক্ষ্যকালীন ব্যাংক ব্যবস্থাপনায় জমা দেয়া যায় কি না সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।
১০. সকল পর্যায় কর্মীদের ডায়েরি ব্যবহার নিশ্চিত করা।
১১. নারী কর্মী ও ব্যবস্থাপকদের সম্মান প্রদর্শন করা।
১২. সময় ও যুগের সাথে তাল মিলিয়ে আধুনিক ডিজিটাল ব্যবস্থার সাথে সংযোগ রেখে নিজেকে গড়ে তোলার উপর গুরুত্ব দিতে হবে।
১৩. স্থায়ী সম্পদ রেজিস্টার হালনাগাদ করা এবং সম্পদের গায়ে এডিসি/শাখা কোড ও সিরিয়াল নম্বর বসানোর ব্যবস্থা করা।

নিবাজুল ইসলাম
প্রশিকা প্রশিক্ষণ কেন্দ্র



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT


১৪. কর্মী/ব্যবস্থাপকদের মাঝে মতবিরোধ নিরসনে পদক্ষেপ গ্রহণ করা।
১৫. এক লক্ষ টাকার অতিরিক্ত ঋণ চেকের মাধ্যমে প্রদান করতে হবে।
১৬. সদস্যদের নিকট থেকে কোন ভাবেই ব্লাঙ্ক চেক নেয়া যাবে না। প্রতিটি ঋণের জন্য পৃথক চেক এবং টাকার পরিমাণ উল্লেখ থাকতে হবে। প্রতিটি ঋণের জন্য নতুন করে চেক নিতে হবে এবং চেকে “প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র” সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে।
১৭. ঋণ গ্রহীতা ও জামিনদারের বর্তমান ছবি নিতে হবে। একই ছবি বারবার ব্যবহার করা যাবে না।
১৮. প্রতিটি শাখায় যথাযথভাবে সাইনবোর্ড থাকতে হবে।
১৯. সফটওয়্যারে সকল তথ্য হালনাগাদ রাখতে হবে এবং সেখান থেকে তথ্য নিয়ে প্রতিবেদন প্রদান করতে হবে।
২০. ৫,০০,০০০ টাকার উর্ধ্ব ঋণের ক্ষেত্রে বিজনেস এনালাইসিস পৃথকভাবে করতে হবে।
২১. মৃত্যু জনিত ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে মৃত্যু সনদ আবশ্যিকভাবে রাখতে হবে।
২২. সকল ধরনের রেজিস্টার হালনাগাদ রাখা এবং রেজিস্টারে তথ্য উপাত্ত রাখার ক্ষেত্রে সকল শাখা ও এডিসি একই ইনডিকেটর ব্যবহার যাতে করে কেন্দ্রীয়ভাবে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা। উন্নয়ন এলাকা/শাখায় যে সকল রেজিস্টার রাখতে হবে সেগুলো হলো :

- সমিতি রেজিস্টার
- চেক রেজিস্টার
- মুভমেন্ট রেজিস্টার
- ছুটির রেজিস্টার
- স্থায়ী সম্পদ রেজিস্টার
- ঋণ অবলোপন রেজিস্টার
- বীমার ক্ষতিপূরণ প্রদান রেজিস্টার
- প্রনোদনা প্রদানের রেজিস্টার

প্রতিটি উন্নয়ন এলাকা/শাখার উপর্যুক্ত বিষয়গুলো সংশ্লিষ্ট ব্যবস্থাপককে যথাযথভাবে অনুসরণ করতে হবে। এই বিজ্ঞপ্তির পরে উপর্যুক্ত বিষয়ে কোন বিচ্যুতি থাকলে তা সংশোধন করে প্রতিবেদন আকারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। অন্যথায়, সংশ্লিষ্ট ব্যবস্থাপকের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদ



সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা।

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র